**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ, এইচ, এম কামরুজ্জামান<br>প্রশাসক<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ১৬/১০/২০২৪ খ্রিঃ, রোজ: বুধবার। |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন এবং তিনি সরকার কর্তৃক গঠিত কমিটির সম্মানীত সকল সদস্যগণকে সভায় স্বাগত জানান। অতঃপর সকলকে শুভেচ্ছা জানিয়ে উপস্থিত সকলের একে অপরের সাথে পরিচয়পর্ব অনুষ্ঠিত হয়। পরিচয়পর্ব শেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচ্যসুচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, নাগরিক সেবা সহজীকরণসহ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে দ্রুত সম্পাদন করা যায় সেজন্য অদ্যকার এই সভার আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

## আলোচ্যসূচি- ১: ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।

**আলোচনা**: মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে জানান যে, ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করেছে:

ক. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো

১। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।
২। নগরীর তিন অঞ্চলের জন্য ০২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।
৩। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।
৪। মশক নিধনে ১৫ সদস্য বিশিষ্ট স্পেশাল টিম গঠন করা হয়েছে।

খ. মশক নিধন কার্যক্রম

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।
২। প্রতিদিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।
৩। বিশেষ প্রয়োজনে নগরী গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়েছে।
৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।
৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

গ. সচেতনতা কার্যক্রম

১। জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।
২। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু সচেতনতামুলক মাইকিং করা হচ্ছে।
৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।
৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা প্রচার করা হয়।
৫। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা/ চিঠি এর মাধ্যমে প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম্মার নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হয়েছে।
৬। মার্কেট, শপিংমল মালিক/ ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

৭। নগরীর প্রতি ওয়ার্ডে ডেঙ্গু নিধন সভার আয়োজন করা হয়েছে।

৮। ডেঙ্গু নিধন ও জনসচেতনতা করার জন্য মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে।

৯। মশক ঝুঁকিপূর্ণ স্থানে নিয়মিত সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয় স্থানসমূহে লার্ভিসাইড ও এল.ডি.ও ছিটানো হয়।

ঘ. প্রতিরোধ কার্যক্রম

১। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

২। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।

৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় পরিচালিত ৪টি নগর স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। হাসপাতালগুলোতে ডেঙ্গু আক্রান্ত রোগীদের প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়।

এছাড়াও তিনি ২০২৪ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের মাসিক সর্বশেষ তথ্য সকলের সামনে উপস্থাপন করেন। যা নিম্নরূপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| জানুয়ারি | ৮ | - |
| ফেব্রুয়ারি | ৪ | - |
| মার্চ | ৩ | - |
| এপ্রিল | ২ | - |
| মে | ৬ | - |
| জুন | ৩ | - |
| জুলাই | ৬ | - |
| আগস্ট | ১৭ | - |
| সেপ্টেম্বর | ১০০ | - |
| অক্টোবর | ৭৭ | চলতি মাসের অসমাপ্ত রিপোর্ট |
| নভেম্বর | - | - |
| ডিসেম্বর | - | - |

তিনি আরোও জানান যে, বর্তমানে সারাদেশে ডেঙ্গু জ্বরের পিক সিজন চলমান। সকলকে সচতন করতে পারলেই এ রোগের বাহক এডিস মশার উৎপত্তিস্থল ধ্বংস করা সম্ভব। এ বিষয়ে অধিক জোরদার ব্যবস্থা গ্রহণে তিনি উপস্থিত সকলের সহযোগীতা কামনা করেন।

এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন যে, মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশনায় সারা দেশে একযোগে ডেঙ্গু নিধন অভিযান কার্যক্রম চলমান আছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের পাশাপাশি সকল পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য এ বিষয়ে আলাদাভাবে আর্থিক বরাদ্দ রাখার জন্য নির্দেশনা রয়েছে। তারপরেও জনসচেতনতার লক্ষ্যে আরো অধিক প্রচার প্রচারণা প্রয়োজন। এ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় হতে জেলাভিত্তিক যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে সে বিষয়ে আলোকপাত করার জন্য তিনি সিভিল সার্জন মহোদয়কে অনুরোধ করেন।

সভায় উপস্থিত সিভিল সার্জন, নারায়ণগঞ্জ ডাঃ এ এফ এম মুশিউর রহমান জানান যে, স্বাস্থ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এ বিষয়ে নারায়ণগঞ্জ শহরের বিভিন্ন এলাকায় প্রচার কার্যক্রম পরিচালনা করা হয়েছে। নভেম্বর মাস পর্যন্ত ডেঙ্গুর প্রাদুর্ভাব চলতে পারে। আক্রান্ত রোগীদের ক্ষেত্রে আগের চেয়ে সুস্থতার হার বৃদ্ধি পেয়েছে। এছাড়াও মশা যাতে এক স্থান হতে অন্যত্র স্থানান্তর না হতে পারে এ জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। যেমন: বাস ও ট্রেন স্টেশনে আগত বাস/ ট্রেন আসা মাত্রই ফগার মেশিন দিয়ে ফগিং করতে হবে, বিভিন্ন স্কুল ও কলেজগুলোতে বন্ধের দিনগুলোতে (শুক্রবার ও অন্যান্য ছুটির দিন) মশার ওষুধ স্প্রে করাসহ ফগার মেশিনের মাধ্যমে ফগিং করতে হবে, জলাবদ্ধ স্থানে অবশ্যই মশার ওষুধ স্প্রে করতে হবে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গৃহীত ব্যবস্থা বাস্তবায়নে তার প্রতিষ্ঠান হতে সর্বাত্মক সহযোগীতা করা হবে মর্মে জানিয়ে তিনি উপস্থিত সকলকে আশ্বস্ত করেন।

বর্ণিত আলোচনায় অংশ নিয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন এ বিষয়ে ছাত্রছাত্রীদের মাধ্যমে প্রত্যেকের পরিবার পর্যায়ে অধিক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সভায় উপস্থিত জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর সহযোগীতা কামনা করেন।

**সিদ্ধান্ত**: বিস্তারিত আলোচনান্তে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা জোরদার করাসহ নিয়মিতভাবে অব্যাহত রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কমিটিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ প্রতিনিধি (সকল), সংশ্লিষ্ট বিভাগ ও প্রতিষ্ঠান এবং স্বাস্থ্য বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসুচি- ২: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সকল কাউন্সিলরগণের অপসারণের পর ওয়ার্ড পর্যায়ে সকল কার্যক্রম পরিচালনা সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন জানান যে, গত ২৬/০৯/২০২৪ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার বিভাগের ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫১ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপণের মাধ্যমে দেশের সকল সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণকে তাদের স্ব-স্ব পদ হতে অপসারণ করা হয়। ইতোমধ্যে জনদুর্ভোগ লাঘবের জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৭ টি ওয়ার্ডে জন্ম-মৃত্যু নিবন্ধন সনদসহ বিভিন্ন সনদ ও প্রত্যয়ণপত্র প্রদানের লক্ষ্যে ১৪ জন কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়েছে। যা নিম্নরুপ:

| ক্রমিক | নাম ও পদবি | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড নম্বর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহাদাৎ হোসেন, ফুড এন্ড স্যানিটেশন অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ১ ও ২ |
| ২ | জনাব খন্দকার মোহাম্মদ নাজমুল হক, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ৩ ও ৪ |
| ৩ | জনাব মোঃ হাসানুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ৫ ও ৬ |
| ৪ | জনাব সুমন চন্দ্র দেবনাথ, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ৭ ও ৮ |
| ৫ | ডা. নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ৯ ও ১০ |
| ৬ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ১১ ও ১২ |
| ৭ | জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ১৩ |
| ৮ | জনাব মোঃ জহিরুল আলম, বাজার কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ১৪ ও ১৫ |
| ৯ | জনাব মোঃ আতিকুর রহমান, সম্পত্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ১৬ ও ১৭ |
| ১০ | জনাব এ এস এম মশিউর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ১৮ ও ১৯ |
| ১১ | জনাব মোঃ কালাম মোল্লা, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ২০ ও ২১ |
| ১২ | জনাব মোঃ ইউছুফ আলী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ২২ ও ২৩ |
| ১৩ | জনাব মোঃ ইমাম হোসেন, উপ সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ২৪ ও ২৫ |
| ১৪ | জনাব মোঃ রেজাউল ইসলাম, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) [চ.দা.], নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ওয়ার্ড: ২৬ ও ২৭ |

তিনি জানান উপর্যুক্ত বিষয় ছাড়াও বর্তমানে বড় সমস্যা হচ্ছে জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ প্রদান করা। জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য অনলাইন ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রয়োজন হয়। এজন্য পূর্ণাঙ্গ নাগরিক সুবিধা প্রদান করা যাচ্ছে না। ছকে বর্ণিত কর্মকর্তাগণের অনুকুলে অতি দ্রুত নিবন্ধক আইডি ও পাসওয়ার্ড প্রদানের জন্য তিনি সভায় উপস্থিত অতিরিক্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন।

এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে সভাপতি মহোদয় একমত পোষণ করেন। সে সেক্ষেত্রে যত দ্রুত সম্ভব হয় এ বিষয়টি নিস্পত্তি করা হবে মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয় সকলকে আশ্বস্ত করেন।

**সিদ্ধান্ত:** ওয়ার্ড পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগনের মাধ্যমে সকল প্রকার সনদ প্রদানের কার্যক্রম পরিচালনা করা এবং আগামী ০৭ কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের অনুকূলে নিবন্ধক আইডি ও পাসওয়ার্ড প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** (১) স্বাস্থ্য বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (২) জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ।

**আলোচ্যসুচি- ৩: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বিভিন্ন স্থায়ী কমিটি (Standing Committee) গঠন সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ জানান যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ৫০ ধারা মতে স্থায়ী কমিটি গঠনের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত ধারায় আরো উল্লেখ রয়েছে যে,

(১) কর্পোরেশন প্রত্যেক বৎসর উহার প্রথম সভায়, অথবা যথাশীঘ্র সম্ভব, তৎপরবর্তী কোন সভায় নিম্নবর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি করিয়া স্থায়ী কমিটি গঠন করিবে যাহার মেয়াদ দুই বৎসর ছয় মাস হইবে;

(২) এবং দুই বৎসর ছয় মাস পর নূতন করিয়া কমিটি গঠন করিতে হইবে;

(৩) কর্পোরেশন প্রত্যেক স্থায়ী কমিটির সদস্য সংখ্যা নির্ধারণ করিবে এবং স্থায়ী কমিটির সভাপতি ও সদস্যগণ কাউন্সিলরগণের মধ্য হইতে কর্পোরেশনের সভায় নির্বাচিত হইবে, তবে কোন কাউন্সিলর একই সময়ে দুইটির অধিক স্থায়ী কমিটির সদস্য এবং একটির অধিক স্থায়ী কমিটির সভাপতি হইবেন না।

বর্তমানে দেশে চলমান প্রেক্ষাপটে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর অধিকার সংশোধনকল্পে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ প্রণয়ন করা হয়েছে। এ অধ্যাদেশের ৩ (২) উপ-ধারা অনুযায়ী নিযুক্ত কমিটির সদস্যবৃন্দ

কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন। সে প্রেক্ষিতে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এ উল্লেখিত ১৪টি স্থায়ী কমিটি বর্ণিত সদস্যবৃন্দের সমন্বয়ে পুনঃগঠন করা প্রয়োজন। সে প্রেক্ষিতে নিম্নরূপ কমিটি গঠন করা যেতে পারে মর্মে প্রস্তাব উপস্থাপন করেন:

**(১) অর্থ ও সংস্থাপন সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(২) বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | প্রতিনিধি, রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৩) শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | সিভিল সার্জন, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৪) নগর পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | প্রতিনিধি, রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৫) হিসাব নিরীক্ষা ও রক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | বাজেট কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৬) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নির্বাহী প্রকৌশলী-১, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৭) পানি ও বিদ্যুৎ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নির্বাহী প্রকৌশী-৩, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৮) সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | সিভিল সার্জন, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(৯) পরিবেশ উন্নয়ণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১০) ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | সম্পত্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১১) জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | সিভিল সার্জন, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১২) যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | নির্বাহী প্রকৌশলী-২, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১৩) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | উপ মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | বাজার কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১৪) দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**(১৫) আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি:**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সদস্য | - | অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ), নারায়ণগঞ্জ। |
| সদস্য | - | প্রতিনিধি, রাজধানী উন্নয়ণ কর্তৃপক্ষ (রাজউক), নারায়ণগঞ্জ। |
| সাচিবিক সহায়তা | - | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**সিদ্ধান্ত:** সভায় উপস্থিত সকলে একমত পোষণ করায় এবং কোনো সংশোধনী না থাকায় উপরোক্ত আলোচনায় বর্ণিত স্থায়ী কমিটিসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

তফসিল- ক
[প্রবিধান ১১(৩) দ্রষ্টব্য]
স্থায়ী কমিটি এবং উহার কার্যাবলি

## স্থায়ী কমিটি নং- ১

কমিটির নাম: অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: আর্থিক ও প্রশাসনিক বিষয়ে পরামর্শ ও সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশনের খসড়া বার্ষিক বাজেট পর্যালোচনা, কর্পোরেশনের আয় ও ব্যয় বিশ্লেষণ এবং কর্পোরেশনের সাধারণ সভায় উপস্থাপনের সময় উক্ত বিষয়ে যথাযথ সুপারিশ প্রদান। অর্থ বৎসর আরম্ভের পূর্বেই আইন অনুযায়ী কর্পোরেশন কর্তৃক বাজেট অনুমোদনের বিষয়টি নিশ্চিতকরণ।

২। কর্পোরেশনের হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদনের ভিত্তিতে কর্পোরেশনের আয় ও ব্যয় পর্যবেক্ষণ ও পর্যালোচনা। রাজস্ব আদায় ও ব্যয়ের সহিত চিহ্নিত সমস্যা সমূহের সমাধানের উপায় সম্পর্কে পরামর্শ প্রদান।

৩। রাজস্ব আয় বৃদ্ধি ও আর্থিক ব্যবস্থাপনা জোরদারকরণে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা।

৪। কর্পোরেশনের বাজেট এবং কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা প্রদানের স্বার্থে কর প্রদানে নাগরিকদের মধ্যে সচেতনতা সৃষ্টি।

৫। মানবসম্পদ, সাংগঠনিক বিন্যাস ও ব্যবস্থাপনা পদ্ধতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং সার্বিক ব্যবস্থাপনা পদ্ধতি জোরদারকরণে সংশ্লিষ্ট বিভাগকে সহায়তা ও পরামর্শ প্রদান।

৬। কর্পোরেশনের গোচরে আনা প্রয়োজন এমন যে কোন বিষয় কর্পোরেশনের সাধারণ সভায় উত্থাপন এবং প্রতিকারমূলক পদক্ষেপ সম্পর্কে সুপারিশ।

৭। কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আর্থিক ও সংস্থাপন সংশিষ্ট অন্যান্য বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ২

কমিটির নাম: বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ ও সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এলাকায় বর্জ্য ব্যবস্থাপনার টেকসইকরণে সমন্বিত কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়নে পরামর্শ ও সহায়তা প্রদান।

২। গৃহস্থালী সকল কঠিন বর্জ্য সংগ্রহ/ অপসারণ/ পৃথকীকরণ, হ্রাসকরণ, পুনঃ ব্যবহারোপযোগীকরণ সহ ল্যান্ডফিল ব্যবস্থাপনা ও চূড়ান্ত পরিত্যজন (যেমন: বর্জ্য থেকে বিদ্যুৎ, সার, বায়োগ্যাস ইত্যাদি) সম্পর্কে সুপারিশ ও পরামর্শ প্রদান।

৩। বর্জ্য সংগ্রহের জন্য বিভিন্ন স্থানে বর্জ্য রাখার পাত্র বা কন্টেইনার স্থাপন এবং সাধারণের সড়ক ও কর্পোরেশনের নিয়ন্ত্রাধীন অন্যান্য গণস্থাপনা হইতে বর্জ্য সংগ্রহ/ অপসারণ ব্যবস্থাপনা সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগ/ শাখাকে সহায়তা প্রদান।

৪। গৃহস্থালী বর্জ্য হ্রাস, পুনঃব্যবহার, পুনঃব্যবহারোপযোগীকরণসহ পৃথকীকরণ ও নির্ধারিত স্থানে বর্জ্য রাখা এবং যথাযথ বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশ দূষণ রোধ সম্পর্কে নাগরিক ও কমিউনিটির মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ।

৫। যে সকল বিষয়ে (যেমন: পানি দূষিতকরণ রোধ) সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি সংস্থার সহিত সমন্বয়ের প্রয়োজন, সে সকল বিষয় পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট বিভাগকে সুপারিশ ও সহায়তা প্রদান।

৬। কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।



CamScanner

## স্থায়ী কমিটি নং- ৩

কমিটির নাম: শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা বিষয়ক স্থায়ী কমিটি:

কমিটির দায়িত্ব: শিক্ষা, জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা বিষয়ে সুপারিশ ও পরামর্শসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারের সহিত সমন্বয়পূর্বক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনার বিষয়ে কর্পোরেশনকে পরামর্শ ও সুপারিশ প্রধান।

২। আইন, বিধি ও নীতিমালা দ্বারা নির্ধারিত শিক্ষার মান নিশ্চিতকরণে পরামর্শ ও সহায়তা প্রদান।

৩। কর্পোরেশন এলাকায় কর্পোরেশন স্বীকৃত/ পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান স্কুলগামী বয়সী শিশুদের স্কুলে ভর্তি ও নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ।

৪। কর্পোরেশনের এলাকায় পুরুষ ও মহিলাদের জন্য গণশৌচাগার স্থাপন ও রক্ষণাবেক্ষণ বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান এবং নিয়মিত পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার বিষয়ে উদ্যোগ গ্রহণ।

৫। বিভিন্ন কর্মসূচির মাধ্যমে স্বাস্থ্যসম্মত পায়খানা/ টয়লেট ব্যবহারসহ জনস্বাস্থ্য সম্পর্কে নাগরিক ও কমিউনিটির মধ্যে সচেতনতা সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৬। পশু জবাই এবং মাংসের মান নিয়ন্ত্রণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/ শাখাকে পরামর্শ ও সহায়তা প্রদান।

৭। কসাইখানার সঠিক ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান।

৮। ভেজাল খাদ্য উৎপাদান ও বিক্রয় প্রতিরোধে/বন্ধে প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান।

৯। কর্পোরেশন এলাকায় ইপিআই কর্মসূচিসহ প্রাথমিক স্বাস্থ্য সেবা কার্যক্রম বাস্তবায়নে সহায়তা।

১০। কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ৪

কমিটির নাম: নগর পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: নগর পকিরল্পনা ও উন্নয়ন সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনাপূর্বক সুপারিশ ও পরামর্শ প্রদান এবং ভূমি ব্যবহার নীতি, নগর পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আইনের অধীনে দাখিলকৃত আবেদন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। বিভিন্ন জোনে বিভিক্তিকরণ, কমিউনিটি পরিকল্পনা, সাইট ডিজাইন চাহিদা, নাগরিক-সক্ষমতা, পরিবেশগত ও সামাজিক অবস্থাসহ অন্যান্য বিষয়াদি বিবেচনাপূর্বক কর্পোরেশন এলাকায় মহাপরিকল্পনা, উন্নয়ন পরিকল্পনা, পরিকল্পনা, উন্নয়ন সংশ্লিষ্ট বিধিবিধান ও উত্তম চর্চার ভিত্তিতে নগর পরিকল্পনা প্রণয়ন কার্যক্রমের তদারকি।

২। দীর্ঘমেয়াদীর পরিকল্পনা প্রণয়নে জনসংখ্যার প্রক্ষেপন, ভূমি ব্যবহার পরিকল্পনা এবং পরিবহন ও ফুটপাত নির্মাণ পরিকল্পনা প্রাকৃতিক ঐতিহ্য, প্রত্নতাত্তিক নিদর্শন ইত্যাদি বিষয় বিবেচনা করে পরামর্শ ও সুপারিশ প্রদান।

৩। কর্পোরেশন এলাকায় চলমান উন্নয়ণ ও সংস্কারের ক্ষেত্রে সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত যথাযথ অনুসন্ধান নিশ্চিতকরণ।

৪। উন্নয়ন কার্যক্রমে অনুমোদন, নকশা সংশোধন এবং জোন পরিবর্তন বা সংশোধন বা অন্যান্য প্রক্রিয়ার মাধ্যমে ভূমি ও সম্পত্তির উন্নয়ন বিষয়ে পরামর্শ ও সুপারিশ প্রদান।

৫। কমিউনিটি সভা বা অন্যান্য উপায়ে তথ্য সংগ্রহপূর্বক কর্পোরেশন এলাকায় মহাপরিকল্পনা ও উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সহায়তা প্রদান।

৬। কমিউনিটি ও নাগরিক চাহিদা নিশ্চিতকরণে উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে সহায়তা প্রদান।

৭। কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী নগর পরিকল্পনা ও উন্নয়ন সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান।



CamScanner

## স্থায়ী কমিটি নং- ৫

কমিটির নাম: হিসাব নিরীক্ষা ও রক্ষণ বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশনের হিসাব নিরীক্ষা ও রক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ, সুপারিশ ও তদারকিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশনকে নাগরিকদের প্রতি অধিকতর জবাবদিহি করার লক্ষ্যে সরকারি বিধি-বিধান, নির্দেশনা ও প্রচলিত উত্তম চর্চা অনুসারে সকল আর্থিক কার্যক্রম পরিচালনা ও হিসাব সংরক্ষণ নিশ্চিতকল্পে তদারকি।

২। আইন ও বিধি-বিধান অনুসারে কর্পোরেশনের হিসাব সংরক্ষণে সুপারিশ ও পরামর্শ প্রদান।

৩। নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা এবং সুপারিশ বাস্তবায়ন কার্যক্রম পর্যবেক্ষণ।

৪। নিরীক্ষায় আপত্তিকৃত বিষয়সমূহ পর্যালোচনা ও এই সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং পরবর্তী কার্যক্রম ও নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ ও পরামর্শ প্রদান।

৫। কর্পোরেশন কর্তৃক অনুসৃত হিসাব-নীতি ও পদ্ধতির পরিবর্তন সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনা।

৬। কর্পোরেশনের সকল আয় ও ব্যয়ের হিসাব প্রকাশ এবং নাগরিক ও কমিউনিটির জন্য তথ্য প্রাপ্তি সহজতর করার বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান।

৭। কর্পোরেশনের আর্থিক ও হিসাব সংক্রান্ত বিষয়কে প্রভাবিত করে এমন অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নে সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ৬

কমিটির নাম: নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে তদারকি, সুপারিশ ও পরামর্শ প্রদান।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশনের মহাপরিকল্পনা এবং সংশ্লিষ্ট বিধিবিধান অনুসারে অবকাঠামো নির্মাণ সংক্রান্ত সকল বিষয় তদারকি।

২। অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত আবেদনের বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান।

৩। কর্পোরেশন এলাকার ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ ও উন্নয়নে সুপারিশ প্রদান।

৪। কর্পোরেশন এলাকায় অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণে পঞ্চবার্ষিক এবং বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা।

৫। বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহিত অবকাঠামো নির্মাণ কাজে সমন্বয় ও সহায়তা প্রদান।

৬। কর্পোরেশন এলাকায় অবকাঠামো নির্মাণ কার্যক্রমে নাগরিকদের অংশগ্রহণ নিশ্চতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৭। ঝুকিপূর্ণ বা অস্বাস্থ্যকর অবকাঠামো অপসারণ এবং স্থানান্তর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন।

৮। কর্পোরেশন এলাকার নির্মাণ, সংস্কার ও পুনঃনির্মাণ কার্যাদি তদারকি, বিশেষ করে নিয়মিত পর্বেক্ষণের মাধ্যমে বিল্ডিংকোড এবং অবকাঠামো নির্মাণ সংশ্লিষ্ট আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ।

৯। কর্পোরেশনের অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ কার্যক্রমকে প্রভাবিত করে এমন অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নে সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ৭

কমিটির নাম: পানি ও বিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে তদারকি, সুপারিশ ও পরামর্শ প্রদান।

<u>কমিটির কার্যাবলি:</u>

১। পানি দূষিতকরণ রোধ ও পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নে সার্বিক কর্ম-পরিকল্পনা প্রণয়নে সুপারিশ ও পরামর্শ প্রদান।

২। কর্পোরেশন এলাকায় বসবাসকারী নাগরিকদের পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রমে সহায়তা।



CamScanner

৩। বিদ্যমান পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ বিষয়ে পরামর্শ ও সুপারিশ প্রদান।
৪। নাগরিকদের চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে বিদ্যুৎ সরবরাহকারী সংস্থাসমূহের সহিত কর্পোরেশনের যোগাযোগ স্থাপনে প্রয়োজনীয় সুপারিশ, পরামর্শ ও সহায়তা।
৫। নিয়মিত পানি ও বিদ্যুৎ বিল প্রদানে নাগরিকদের উৎসাহিতকরণ।
৬। কর্পোরেশনের পানি, বিদ্যুৎ পয়ঃনিষ্কাশন সংক্রান্ত বিষয়সমূহকে প্রভাবিত করে এমন অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নে সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ৮

কমিটির নাম: সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ে সুপারিশ ও পরামর্শসহ প্রয়োজনীয় ব্যবস্থা।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এলাকায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধি/ বিশেষ চাহিদা সম্পন্ন জনগোষ্ঠি, মুক্তিযোদ্ধা ও অন্যান্য সহায়তা জনগোষ্ঠির জন্য সরকারের বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের সহায়তা ও পরামর্শ প্রদান।
২। নাগরিক হয়রানি বন্ধে তদারকিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৩। সামাজিক নিরাপত্তা বেষ্টনি, সংশ্লিষ্ট বিভিন্ন নীতি ও দারিদ্র বিমোচন কৌশল প্রণয়নে সুপারিশ ও পরামর্শ।
৪। সমাজকল্যাণ কেন্দ্র, আশ্রয় কেন্দ্র, বৃদ্ধাশ্রম, দুস্থঃনিবাস নির্মাণ এবং রক্ষণাবেক্ষণে সুপারিশ ও পরামর্শ।
৫। কর্পোরেশনের নিজস্ব ব্যয়ে বেওয়ারিশ লাশ এবং দরিদ্র জনগোষ্ঠির দাফন/ শেষকৃত্য সম্পন্নের বিষয়ে সুপারিশ ও পরামর্শ।
৬। ভিক্ষাবৃত্তি, পতিতাবৃত্তি, জুয়া, মাদকসেবন, কিশোর অপরাধ ও অন্যান্য সামাজিক অপরাধ প্রতিরোধে সুপারিশ ও পরামর্শ।
৭। সমাজসেবা প্রদানের উদ্দেশ্যে এনজিওদের সহিত সমন্বয়পূর্বক স্বেচ্ছাসেবক তৈরিতে/ গঠনে সহায়তা।
৮। কমিউনিটির চাহিদা বিবেচনায় অভাবগ্রস্ত ও স্বল্প আয়ের নাগরিকদের সামাজিকসেবা প্রদানের উদ্দেশ্যে তহবিল গঠনে সংশ্লিষ্ট সংস্থাকে সহায়তা।
৯। অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠির কল্যাণ বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে সুপারিশ ও পরামর্শ।
১০। অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠির ক্ষমতায়ণ ও তাদের অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টিতে সহায়তা ও পরামর্শ।
১১। নাগরিকদের পারস্পরিক সম্পর্ক এবং অর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে বিভিন্ন সামাজিক সংগঠন সৃষ্টিতে সুপারিশ ও পরামর্শ।
১২। কমিউনিটি সেন্টার ব্যবস্থাপনা ও রক্ষণারেক্ষণে সুপারিশ ও পরামর্শ।
১৩। কর্পোরেশনের সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সুপারিশ ও পরামর্শ।

## স্থায়ী কমিটি নং- ৯

কমিটির নাম: পরিবেশ উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ে সুপারিশ ও পরামর্শসহ প্রয়োজনীয় ব্যবস্থা।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এবং সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানের পরিবেশ বিষয়ক কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়ন পর্যবেক্ষণ ও পরামর্শ।
২। পরিবেশ সংরক্ষণ বিষয়ক পরামর্শ ও সুপারিশ।
৩। বিশদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিতকরণ ও পানি নিয়ন্ত্রণসহ পরিবেশ সংরক্ষণে নির্দেশনা প্রদান।
৪। পার্ক, খেলার মাঠ ও সড়ক উন্নয়নে পরিবেশ বান্ধব অবকাঠামো পরিকল্পনা প্রণয়নে সহায়তা।
৫। কমিউনিটিকে সংঘবদ্ধকরণ এবং তাহাদের মধ্যে সচেতনতা সৃষ্টি মাধ্যমে কর্পোরেশন এলাকায় পুকুর, খাল, জলাধারা, টিলা ইত্যাদি নির্মাণ ও সংরক্ষণে সহায়তা।
৬। কর্পোরেশন এলাকায় পরিবেশ উন্নয়ন বিষয়কে প্রভাবিত করে এমন অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুপারিশ ও পরামর্শ।



CamScanner

## স্থায়ী কমিটি নং- ১০

কমিটির নাম: ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক কার্যক্রম প্রসারের সুপারিশ ও পরামর্শসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এলাকায় ও সংস্কৃতি বিষয়ক বিধি- বিধান, নীতিমালা, কৌশল ও কমর্সূচি ও প্রণয়ন ও বাস্তবায়নে পরামর্শ ও সহায়তা।

২। কর্পোরেশন এলাকায় ঐতিহাসিক স্থাপনা বা নির্দশন, প্রাকৃতিক জলাধার এবং প্রত্নতাত্তিক নিদর্শন সংরক্ষণে সুপারিশ ও পরামর্শ।

৩। উদ্ভাবনীমূলক কর্মসূচি গ্রহণের জন্য ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থানীয় গোষ্ঠি/ সংগঠনের সহিত অংশীদারিত্বের উন্নয়ন ও প্রসার এবং আর্থিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৪। যাদুঘর, আর্ট গ্যালারি, পাবলিক হল ও কমিউনিটি সেন্টার, পার্ক ও খেলার মাঠ স্থাপনাসহ ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক অবকাঠামো স্থাপনে পরামর্শ ও সহায়তা।

৫। খেলাধুলা ও বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে চিত্তবিনোদন, শরীর চর্চা ও ক্রীড়ার প্রতি নাগরিকদের উৎসাহিতকরণ।

৬। কর্পোরেশন এলাকায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনে সহায়তা।

৭। বৈশাখী মেলা, পৌষ মেলা, নবান্ন উৎসব, ইত্যাদি অনুষ্ঠানে আয়োজনে সহায়তা।

৮। বিভিন্ন ধর্মীয় সংগঠনের সহিত যোগাযোগ রক্ষ এবং নিবিঘ্নে সকল ধর্ম পালনের পরিবেশ সৃষ্টি।

৯। ক্রীড়া ও সংস্কৃতি সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান।

## স্থায়ী কমিটি নং- ১১

কমিটির নাম: জন্ম -মৃত্যু নিবন্ধন বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন জন্ম মৃত্যু-নিবন্ধন সংক্রান্ত বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়মিতভাবে পর্যবেক্ষণ।

২। সকল সরকারি ও বেসরকারি হাসপাতাল, ক্লিনিক এবং মাতৃসদনে সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ে বাধ্যতামূলক জন্ম নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নে সহায়তা।

৩। বিভিন্ন উদ্দীপনামূলক কর্মসূচি (যথা: কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলককরণ) এবং জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সচেতনতা সৃষ্টিতে পরামর্শ ও সহায়তা।

৪। জন্ম-মৃত্যু সম্পর্কিত মিথ্যা ও ভুয়া তথ্য প্রদান বন্ধে সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৫। কর্পোরেশন এলাকায় জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুপারিশ ও পরামর্শ।

## স্থায়ী কমিটি নং- ১২

কমিটির নাম: যোগাযোগ বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় যোগাযোগ ও পরিবহন বিষয়ে সুপারিশ ও পরামর্শ প্রদান।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এলাকায় সড়ক ও সড়কের সংযোগস্থলের সুষ্ঠু ব্যবস্থাপনা, পার্কিং এলাকা ও উহার ব্যবহার, সাইকেল ও পথচারী চলাচলের প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণে পরামর্শ ও সহায়তা।

২। সড়ক নিরাপত্তাসহ পরিবহন ব্যবস্থা ও ট্রাফিক ব্যবস্থাপনা কার্যক্রম তদারকি ও পরামর্শ।

৩। প্রয়োজনে সংশ্লিষ্ট সংস্থার সহিত সমন্বয়পূর্বক সিটি কর্পোরেশনের কার্যপরিধির মধ্যে পরিবহন ও ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ক নীতিমালা, পরিকল্পনা ও পদ্ধতি প্রণয়নে পরামর্শ প্রদান।

৪। সড়ক নিরাপত্তা ব্যবস্থাপনা উন্নয়নে সচেতনতামূলক কার্যক্রমের উদ্যোগ গ্রহণ এবং এ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণে সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ/ শাখাকে সহায়তা ও পরামর্শ প্রদান।

৫। বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহিত সমন্বিত কর্মসূচি গ্রহণে সংশ্লিষ্ট বিভাগ/ শাখাকে সহায়তা প্রদান।

৬। যোগাযোগ সম্পর্কিত অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ১৩

কমিটির নাম: বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: বাজারমূল্য তদারকি ও স্থিতিশীল রাখা এবং এ বিষয়ে স্বচ্ছতা নিশ্চিতকরণে সহায়তা ও পরামর্শ।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এলাকায় বিভিন্ন বাজারে ও দোকানে ভোক্তার অধিকারকে প্রভাবিত করে এমন পণ্য এবং সেবার মূল্য ও মান নিয়ন্ত্রণে তদারকি।

২। ব্যবসায়ী ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের আচরণ তদারকি।

৩। ভোক্তা অধিকার সংরক্ষণে তথ্য পণ্য/ সেবার সঠিক মান ও পরিমাণ নিশ্চিতকরণে মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদান। নিয়মিতভাবে গৃহিত কার্যক্রম ও সিদ্ধান্ত তদারকি ও পর্যালোচনা।

৪। বাজারমূল্য ও পণ্যের মান সম্পর্কে ভোক্তাদের মতামত গ্রহণ এবং উক্ত মতামত যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ কর্পোরেশনের নিকট প্রেরণ।

৫। বাজার/ দোকানের দৃশ্যমান স্থানে দ্রব্যের মূল্য তালিকা প্রদর্শন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৬। কর্পোরেশন এলাকায় পণ্য/ সেবার মুল্য ও মান এবং ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সুপারিশ ও পরামর্শ প্রদান।

## স্থায়ী কমিটি নং- ১৪

কমিটির নাম: দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সুপারিশ ও পরামর্শসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কমিটির কার্যাবলি:

১। দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়ন তদারকি।

২। কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জরুরি ও অন্যান্য সেবা কার্যক্রমে সমন্বয় নিশ্চিতকরণ।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে কমিউনিটি ও নাগরিকদের সম্পৃক্ত করে যৌথভাবে সর্তকতামূলক কার্যক্রম গ্রহণ।

৪। দুর্যোগ মোকাবেলা বিষয়ে কর্পোরেশনের কাউন্সিল ও কর্মচারীদের জন্য সেমিনার এবং প্রশিক্ষণের আয়োজনে সুপারিশ ও সহায়তা।

৫। দুর্যোগের সময় কর্পোরেশনে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন সহায়তা।

৬। দুর্যোগ পূর্ববর্তী, দুর্যোগ পরবর্তী ও দুর্যোগের সময় বিভাগীয়/ জেলা প্রশাসনের সহিত যোগাযোগ করে সমন্বিত কার্যক্রম গ্রহণে পরামর্শ ও সহায়তা।

৭। দুর্যোগের সময় ঝুকিতে থাকা লোকজনকে নিরাপদ স্থানে স্থানান্তরে সহায়তা।

৮। দুর্যোগে আহত লোকদের চিকিৎসা সুবিধা প্রদানে সহায়তা।

৯। দুর্যোগে ক্ষতিগ্রস্থ এলাকা পুনর্বাসন ও পুনঃগঠনে পরামর্শ ও সহায়তা।

১০। দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পরামর্শ ও সহায়তা।



CamScanner

## স্থায়ী কমিটি নং- ১৫

কমিটির নাম: আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি।

কমিটির দায়িত্ব: কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা বিষয়ে সুপারিশ ও পরামর্শসহ প্রয়োজনীয় ব্যবস্থা।

কমিটির কার্যাবলি:

১। কর্পোরেশন এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষার কাজে নগর পরিষদসহ কর্পোরেশনের সকল বিভাগকে সক্রিয় করা;

২। কর্পোরেশন এলাকার বিভিন্ন অপরাধ কর্মকান্ড, অপরাধের ধরন, অপরাধীদের চিহ্নিতকরণ, অপরাধ প্রতিরোধ এবং অপরাধীদের গ্রেফতারের জন্য পুলিশকে সহযোগিতা করা;

৩। কর্পোরেশনের সম্পদের ক্ষতিসাধন, সম্পদের অবৈধ দখল, অবৈধ ব্যবহার ইত্যাদি প্রতিরোধে কার্যকর ব্যবস্থা নেয়া;

৪। কর্পোরেশন এলাকার সকল প্রকার বিরোধ, দাঙ্গা বা মারাত্মক কলহের সৃষ্টি করতে পারে বা জনশৃঙ্খলা বিঘ্নিত করতে পারে এমন আশঙ্কা থাকলে তা প্রতিরোধ করার জন্য উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনে পুলিশের সহায়তা গ্রহণ করা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ করা;

৫। আইন-শৃঙ্খলা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে কর্পোরেশন কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান।

মোঃ নূর কুতুবুল আলম
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন